# রাজশাহী বোর্ড-২০১৭

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : ২ ৯ ৩

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান- ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **চারটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ: ব্যাংকিং

**১.▶** গড়াই কো-অপারেটিভ ফাইন্যান্স লি. দেশের বিভিন্ন জায়গায় তার শাখা স্থাপন করে জনগণের কাছ থেকে টাকা সংগ্রহ করে থাকে। কিন্তু তাদের ওপর জনগণের আস্থা কম কারণ প্রতিষ্ঠানটি কোনো শক্তিশালী প্রতিষ্ঠানের অধীনে পরিচালিত হচ্ছে না। তাছাড়া প্রতিষ্ঠানটি আর্থিক সংকটে পড়লে উদ্ধার করার কেউ নেই। প্রতিষ্ঠানটি তাদের ব্যবসায়ের ভবিষ্যৎ নিয়ে অনেক চিন্তিত, সেইজন্য তাদের কাঠামো পরিবর্তন করে একটি শক্তিশালী ব্যাংকের অধীনে পরিচালিত হতে চায় যেটি তার ঋণ দানের শেষ আশ্রয়স্থল হিসেবে কাজ করবে।

ক. ব্যাংকিং কী? ১

খ. KYC কেন প্রয়োজন? ব্যাখ্যা করো। ২

গ. গড়াই কো-অপারেটিভ ফাইন্যান্স লি. কোন ধরনের প্রতিষ্ঠান আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি তার কাঠামো পরিবর্তনের ফলে দেশের অর্থনৈতিক উন্নয়নে কী বেশি ভূমিকা রাখতে পারবে? সপক্ষে যুক্তি দাও। ৪

**২.▶** ঢাকার মতিঝিলে একটি ব্যাংক আছে যাকে অন্যান্য ব্যাংকের অভিভাবক বলা হয়। ব্যাংকটি তার প্রধান কার্যালয় ছাড়াও বাংলাদেশের বিভিন্ন জায়গায় আঞ্চলিক কার্যালয় স্থাপনের মাধ্যমে তার কার্যক্রম পরিচালনা করে। প্রতিটি কার্যালয়ে একটি নির্দিষ্ট কক্ষ থাকে যেখানে প্রতিদিন বিভিন্ন ব্যাংকের চেক, ড্রাফট ইত্যাদি এসে জমা হয় আন্তঃব্যাংকিং নিষ্পত্তির জন্য।

ক. ঋণ নিয়ন্ত্রণ কী? ১

খ. 'কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য ব্যাংকের ব্যাংকার'– ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটি কোন ধরনের ব্যাংক তা আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকের যে কার্যাবলির কথা উল্লেখ করা হয়েছে তা কী অন্যান্য ব্যাংক পালন করতে পারে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

৩.▶ মধুমতি ব্যাংক ঢাকার আগারগাঁও শাখার মাধ্যমে দীর্ঘদিন যাবৎ তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে আসছে। আগারগাঁও এর পাশেই 'রূপায়ণ গার্ডেন সিটি' নামে একটি নতুন আবাসিক এলাকা গড়ে উঠেছে। সেখানে নতুন নতুন স্কুল-কলেজ, হাসপাতাল এবং শপিং মলও গড়ে উঠেছে। এলাকাবাসীর সুবিধার কথা বিবেচনা করে মধুমতি ব্যাংক 'রূপায়ণ গার্ডেন সিটি'র পাশেই একটি শাখা স্থাপনের সিদ্ধান্ত নেয়।

ক. বাণিজ্যিক ব্যাংকের সংজ্ঞা দাও। ১

খ. 'বাণিজ্যিক ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করে'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মধুমতি ব্যাংক সাংগঠনিক কাঠামোর ভিত্তিতে কোন ধরনের ব্যাংক তা আলোচনা করো। ৩

ঘ. মধুমতি ব্যাংকের নতুন শাখা স্থাপনের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৪.▶ খুলনার মি. সালেক একজন চাকরিজীবী। মাসিক ব্যয় করার পর তিনি কিছু কিছু সঞ্চয় করেন এবং চিত্রা ব্যাংকে একটি হিসাব খুলে নির্দিষ্ট সময়ের জন্য অর্থ জমা রাখেন। তিনি হিসাব খোলার পর পরই অর্থ উত্তোলন করতে ব্যাংকে গেলে শর্ত পূরণ হয়নি বলে ব্যাংক তাকে টাকা দিতে অপারগতা জানায়। এতে তিনি ক্ষুব্ধ হয়ে নিয়মিত অর্থ জমা ও উত্তোলন করা যায় এমন একটি হিসাবে অর্থ জমা রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. একজন ছাত্রের জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা দাও। ২

গ. নির্দিষ্ট সময়ের জন্য মি. সালেক ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ৩

ঘ. নিয়মিত অর্থ জমা রাখা ও উত্তোলনের বিষয়ে মি. সালেক যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা কতটুকু বাস্তবসম্মত। যুক্তিসহ ব্যাখ্যা করো। ৪

৫.▶ রূপসা ব্যাংকের কাছে A ফার্মের ব্যবস্থাপক চলতি মূলধনের চাহিদা পূরণের জন্য দুই কোটি টাকার ঋণের আবেদন করেন এবং B কোম্পানি লি. একটি উৎপাদনমুখী প্রতিষ্ঠান যেটি পাঁচটি ভিন্ন ধরনের প্রকল্পের জন্য দুই কোটি টাকা ঋণের আবেদন করেন যার প্রতিটির খরচ চল্লিশ লাখ টাকা। রূপসা ব্যাংক শুধু একই প্রকল্পে ঋণ না দিয়ে বিভিন্ন প্রকল্পে ঋণ দিয়ে থাকে।

ক. ব্যাংক তহবিল কী? ১

খ. ঋণ মঞ্জুরের কালে গ্রাহকের চরিত্র বিবেচনা করতে হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত রূপসা ব্যাংকটি ঋণ মঞ্জুরের সময় কোন বিষয়টি অধিক গুরুত্ব দিয়ে থাকে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রূপসা ব্যাংকের দুইটি ঋণের মধ্যে কোন ঋণটি অধিক ঝুঁকিপূর্ণ? যুক্তি সহকারে ব্যাখ্যা করো। ৪

https://teachingbd24.com

৬.▶ জনাব সোহেল খুলনায় 'সোহেল এ্যাপারেলস লি.' নামে একটি গার্মেন্টস পরিচালনা করেছেন। যুক্তরাষ্ট্রের একাটি অর্ডারের বিপরীতে তিনি ছয় লাখ ডলারের একটি ড্রাফট পেয়েছেন। অন্যদিকে স্বীকৃতি দিয়ে যুক্তরাজ্য থেকে আমদানিককৃত সাত লাখ টাকার কাপড়ের মূল্য তাকে দ্রুত পরিশোধ করতে হবে।

ক. বৈদেশিক বিনিময় কী? ১

খ. আমদানি-রপ্তানির ক্ষেত্রে বিনিময় হার নির্ধারণ গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২

গ. রপ্তানির বিপরীতে গৃহীত ড্রাফটের অর্থ জনাব সোহেল কীভাবে সংগ্রহ করবেন ব্যাখ্যা করো। ৩

ঘ. যুক্তরাজ্য থেকে আমদানিককৃত কাপড়ের মূল্য দ্রুত পরিশোধে সোহেল কোন পদ্ধতি ব্যবহার করতে পারেন বলে তুমি মনে করো? যুক্তি দাও। ৪

৭.▶ 'Z' ব্যাংক লিমিটেড কেনাকাটার সুবিধার্থে গ্রাহকদের এক ধরনের কর্ড সরবরাহ করে। ভবিষ্যতে গ্রাহক সেবা আরো উন্নত করার লক্ষ্যে ব্যাংকটি যখন যেখানে প্রয়োজন সেখানেই গ্রাহককে নগদ অর্থ উত্তোলনের সুযোগ দিয়ে এক ধরনের কার্ড ইস্যুর ব্যবস্থা গ্রহণ করেছে।

ক. ইলেট্রনিক ব্যাংকিং কী? ১

খ. স্বয়ংক্রিয় নিকাশঘর বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. Z ব্যাংক লি. গ্রাহকদের সুবিধার্থে কী ধরনের কার্ড সরবরাহ করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. গ্রাহক সেবা বৃদ্ধিতে Z ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত পদক্ষেপ তাদের প্রাতিষ্ঠানিক উন্নয়নে কতটুকু ভূমিকা রাখবে বলে তুমি মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## খ বিভাগ: বিমা

৮.▶ জনাব জমিরের একটি পোশাক তৈরির কারখানা আছে। তিনি তার প্রতিষ্ঠানটি ৫০ লক্ষ টাকায় বিমা করেছিলেন। দুর্ঘটনায় প্রতিষ্ঠানটি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় এবং জনাব জমির বিমা দাবি পেশ করেন। বিমা কোম্পানি সম্পূর্ণ ক্ষতিপূরণ প্রদান করে। উদ্ধারকৃত সম্পত্তি বিমা কোম্পানি দাবি করায় জনাব জমির শুরুতে তা হস্তান্তরে অস্বীকৃতি জানালেও পরবর্তীতে তা প্রদানে বাধ্য হন।

ক. বিমা কাকে বলে? ১

খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সম্পত্তি হস্তান্তর বিমার কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ? আলোচনা করো। ৩

https://teachingbd24.com

ঘ. সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার পরেও জনাব জমিরের সম্পত্তি হস্তান্তরে অস্বীকৃতির সিদ্ধান্ত সঠিক ছিল কিনা? তোমার মতামত দাও। ৪

৯.▶ জনাব তৌহিদ ১৫ বছরের জন্য ৫ লক্ষ টাকার একটি জীবন বিমা চুক্তি সম্পাদন করেন। ৫ বছর প্রিমিয়াম পরিশোধের পর আর্থিক অসামর্থের কারণে তার বিমা পত্রটি চালিয়ে যাওয়া সম্ভব নয় বলে বিমা কোম্পানিকে জানায় এবং বিমা দাবি আদায়ের জন্য আবেদন করেন।

ক. জীবন বিমা কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব তৌহিদ কোন ধরনের জীবন বিমাপত্র গ্রহণ করেছেন আলোচনা করো। ৩

ঘ. জানব তৌহিদ কী বিমাকারী কোম্পানি থেকে বিমাদাবি পাওয়ার অধিকারী হবেন? যুক্তি দাও। ৪

১০.▶ কর্ণফুলি কোম্পানি লি. ৪৫ কোটি টাকা দামের একটি জাহাজ 'X', 'Y', 'Z' তিনটা বিমা কোম্পানির নিকট সমান মূল্যে বিমা করে। জাহাজটি অন্য একটি জাহাজের সাথে ধাক্কা লেগে ক্ষতিগ্রস্ত হয় এবং মেরামত করতে ৯ কোটি টাকা খরচ হয়। কর্ণফুলি কোম্পানি লি. 'X' বিমা কোম্পানির নিকট থেকে সম্পূর্ণ ক্ষতিপূরণ আদায় করে। পরবর্তীতে 'X' বিমা কোম্পানি 'Y' ও 'Z' বিমা কোম্পানির নিকট থেকে আনুপাতিক হারে ক্ষতিপূরণ দাবি করে।

ক. নৌ বিমা কী? ১

খ. নৌ বিমা চুক্তিকে কেন ক্ষতিপূরণের চুক্তি বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. কর্ণফুলি কোং লি. কোন ধরনের বিমা করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'X' কোম্পানি কর্তৃক 'Y' ও 'Z' বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ দাবির যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

১১.▶ খুলনার ব্যবসায়ী জনাব আবিরের মোটর যন্ত্রাংশ তৈরির একটি কারখানা আছে। অগ্নিজনিত ক্ষতি মোকাবিলার জন্য ৫০ লাখ টাকা মূল্যের যন্ত্রপাতির মধ্যে নির্দিষ্ট ৩০ লাখ টাকার মূল্য নির্ধারণ করে বিমাচুক্তি সম্পাদন করে। বৈদ্যুতিক শর্ট সার্কিট হতে অগ্নিকাণ্ড সংগঠিত হয়ে সম্পূর্ণ যন্ত্রপাতি ভস্মীভূত হয়ে যায়। তিনি সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার জন্য বিমা কোম্পানির নিকট ক্ষতিপূরণ চেয়ে আবেদন করেছেন।

ক. গড়পড়তা বিমাপত্র কী? ১

খ. অগ্নিবিমার ক্ষেত্রে নৈতিক ঝুঁকিকে বিশেষ গুরুত্ব দেয়া হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আবির কর্তৃক গৃহীত বিমাপত্রটি কোন শ্রেণির অগ্নিবিমা? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আবির কী সম্পূর্ণ ক্ষতিপূরণ পাওয়ার অধিকারী? যুক্তি সহকারে ব্যাখ্যা করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ৩

পূর্ণমান– ৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. বাংলাদেশে প্রচলিত হস্তান্তরযোগ্য ঋণের দলিল আইনটি কত সালের?
ক ১৮৮১ খ ১৯৩২
গ ১৯৮১ ঘ ১৯৯৪

২. বর্তমানে বাংলাদেশে কয়টি সরকারি বাণিজ্যিক ব্যাংক রয়েছে?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৭টি

৩. একটি চেকের প্রধান পক্ষ কয়টি?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

৪. একটি চেক প্রত্যাখ্যান হওয়ার কারণ হলো–
ক পর্যাপ্ত পরিমাণ অর্থ থাকা
খ চেকে আদিষ্টের স্বাক্ষর না থাকা
গ মেয়াদ ৫০ দিনের মধ্যে
ঘ আদেষ্টার স্বাক্ষর না থাকা

৫. বিনিময় বিল সম্পর্কে নিচের যে উক্তিটি সঠিক–
i. স্ট্যাম্প লাগাতে হয়
ii. আদিষ্টের স্বীকৃতি দরকার
iii. সাধারণত চারটি পক্ষ থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. জেড তাছফিয়াকে একটি চেক প্রদান করে। তাছফিয়া চেকটি জাহিনকে প্রদান করে। জাহিন চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংকার চেকের অর্থ পরিশোধে অপারগতা প্রকাশ করে।

৬. উদ্দীপকে আলোচিত চেকটি কোন ধরনের চেক ছিল?
ক দাগকাটা চেক খ বাহক চেক
গ হুকুম চেক ঘ ভ্রমণকারীর চেক

৭. কোন ধরনের চেক হলে জাহিন ব্যাংক হতে অর্থ উত্তোলন করতে পারত?
ক দাগকাটা চেক খ বাহক চেক
গ হুকুম চেক
ঘ বিশেষভাবে দাগকাটা চেক

৮. ব্যাংকের দায় নিচের কোনটি?
ক গৃহীত আমানত
খ প্রদত্ত ঋণ
গ বিনিয়োগকৃত তহবিল
ঘ জমাতিরিক্ত ঋণ

৯. ক্রয় ক্ষমতার সমতা তত্ত্ব এর জনক কে?
ক অধ্যাপক মার্শাল খ হেনরি ফেয়ল
গ এফ. ডব্লিউ টেলর ঘ গুস্তাভ ক্যাসেল

১০. বৈদেশিক বাণিজ্যে বহুল ব্যবহৃত দলিল নিচের কোনটি?
ক ব্যাংক ড্রাফ্‌ট খ প্রত্যয়পত্র
গ হুন্ডি ঘ ভ্রমণকারীর চেক

১১. নিচের কোনটি সম্পত্তি দুর্ঘটনা বিমার উদাহরণ?
ক চিকিৎসা বিমা খ গবাদি পশু বিমা
গ পণ্যদায় বিমা ঘ জীবন বিমা

১২. বিমাযোগ্য স্বার্থ বলতে মূলত কার স্বার্থকে বোঝায়?
ক বিমাকারী
খ বিমাগ্রহীতা
গ লেনদেনকৃত ব্যাংক
ঘ বিমাকারী এবং বিমাগ্রহীতা উভয়

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. শামীম একটি বিমা কোম্পানির সাথে একটি বিমাচুক্তি সম্পাদন করেন যার মেয়াদ দুই বছর। কিন্তু বিমাচুক্তির মেয়াদের মধ্যে বিমাহগ্রহীতার মৃত্যু হয়নি। মি. মমিন এর বিমাচুক্তি প্রায় একই রকম হলেও তা মূলত অসুস্থ ব্যক্তিদের জন্য প্রযোজ্য।

১৩. উদ্দীপকে আলোচিত প্রথম বিমাচুক্তিটি কোন ধরনের জীবন বিমাচুক্তি?
ক আজীবন খ সাময়িক
গ একক কিস্তি ঘ সমকিস্তি

১৪. মি. মমিন এর বিমাচুক্তি কোন ধরনের বিমাচুক্তি?
ক সাধারণ মেয়াদি
খ বিশুদ্ধ মেয়াদি
গ নবায়নযোগ্য সাময়িক
ঘ স্বল্পকালীন সাময়িক

১৫. নৌ-বিমার অব্যক্ত শর্ত হলো–
ক সমুদ্র যাত্রার তারিখ
খ রক্ষী বহর থাকা
গ জাহাজের সমুদ্র চলাচলযোগ্যতা
ঘ নিরপেক্ষতা ঘোষণা

https://teachingbd24.com

১৬. ক্ষতিপূরণের চুক্তি হলো–

i. জীবন বিমা  ii. নৌ বিমা  
iii. অগ্নি বিমা

নিচের কোনটি সঠিক?

ⓚ i ও ii  ⓚ i ও iii  
ⓖ ii ও iii  ⓖ i, ii ও iii

১৭. KYC এর পূর্ণরূপ কোনটি?

ক Know Your Customer  
খ Know Your Company  
গ Know Your Commodity  
ঘ Know Your Consumer

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও।**

মেমী একটি বিমাপত্রের অধীনে তার চারটি জাহাজ বিমা করেন। ফলে তার জাহাজের নিরাপত্তা সাধিত হয়।

১৮. উদ্দীপকে মেমী কোন ধরনের বিমাচুক্তি সম্পাদন করেন?

ক উন্মুক্ত বিমাপত্র  খ ভাসমান বিমাপত্র  
গ মিশ্র বিমাপত্র  ঘ মূল্যায়িত বিমাপত্র

১৯. সর্বপ্রথম কে জীবন বিমা সম্পাদন করেন?

ক এম. এন মিশ্র  খ উইলিয়াম গিবস  
গ রিচার্ড মার্টিন  ঘ অধ্যাপক মার্শাল

২০. একটি বিমাচুক্তির অপরিহার্য পক্ষ কয়টি থাকে?

ক ২টি  খ ৩টি  
গ ৪টি  ঘ ৫টি

২১. একক ব্যাংক কোন দেশে প্রচলিত আছে?

ক বাংলাদেশ  খ ভারত  
গ যুক্তরাষ্ট্র  ঘ চীন

২২. কার্যভিত্তিক ব্যাংকের শ্রেণিবিভাগ কোনটি?

ক স্বায়ত্তশাসিত ব্যাংক  খ সমবায় ব্যাংক  
গ বাণিজ্যিক ব্যাংক  ঘ শাখা ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**

সুরমা ব্যাংক প্রায়ই আন্তঃব্যাংকিং কার্যাবলি পরিচালনা ও নিয়ন্ত্রণ করে। অন্যান্য ব্যাংক উপস্থিত থাকলেও কর্ণফুলী ব্যাংক তাতে উপস্থিত থাকে না।

২৩. কোন ব্যাংকটির সাথে সুরমা ব্যাংকের মিল আছে?

ক সোনালী ব্যাংক লি.  খ পূবালী ব্যাংক লি.  
গ ডাচ্ বাংলা ব্যাংক  ঘ জনতা ব্যাংক লি.

২৪. কর্ণফুলী ব্যাংক আন্তঃব্যাংকিং কার্যাবলিতে উপস্থিত থাকে না, কারণ এটি–

ক তালিকাভুক্ত ব্যাংক  
খ অ-তালিকাভুক্ত ব্যাংক  
গ বাণিজ্যিক ব্যাংক  
ঘ কেন্দ্রীয় ব্যাংক

২৫. কোনটি বাণিজ্যিক ব্যাংকের কাজ নয়?

ক নোট ছাপানো  খ আমানত গ্রহণ  
গ ঋণ দান  ঘ মূলধন গঠন

২৬. বাণিজ্যিক ব্যাংকের মূলনীতি–

i. তারল্যের নীতি  
ii. সেবার নীতি  
iii. সততার নীতি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  
গ ii ও iii  ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**

মিতালী ব্যাংক লি. তার হাতে অর্থ না রেখে সম্পূর্ণ অর্থ ঋণদান করে। ফলে ব্যাংকটি গ্রাহক সেবা দিতে এবং সময়মত পাওনাদারের অর্থ পরিশোধে ব্যর্থ হয়। এক সময় ব্যাংক ক্ষতির সম্মুখীন হতে থাকে।

২৭. উদ্দীপকে ব্যাংকটি কোন নীতিটি লঙ্ঘন করেছে?

ক সেবা  খ ঋণদান  
গ তারল্য  ঘ সুনাম

২৮. মিতালী ব্যাংককে মুনাফা অর্জন করতে হলে যে পদক্ষেপ গ্রহণ করা উচিত–

i. সেবা নিশ্চিতকরণ  
ii. সঠিকভাবে ঋণদান  
iii. ঋণের সুদের হার বৃদ্ধি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii  খ i ও iii  
গ ii ও iii  ঘ i, ii ও iii

২৯. কোন ধরনের ব্যাংক হিসাবে আমানতকারীকে পাস বই প্রদান করা হয়?

ক চলতি  খ সঞ্চয়ী  
গ স্থায়ী  ঘ বিশেষ চলতি

৩০. হস্তান্তরিত ঋণের দলিল কোনটি নহে?

ক বিল অব এক্সচেঞ্জ  খ প্রমিসরি নোট  
গ পে-অর্ডার  ঘ চেক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | গ |

https://teachingbd24.com